

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০২৫

গণমাধ্যম ও সাংবাদিকতা বিষয়ে মাস্টার্স

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) পরিচালিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২ (দুই) বছর মেয়াদি গণমাধ্যম ও সাংবাদিকতা বিষয়ে মাস্টার্স প্রোগ্রাম-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১. আবেদনকারীর যোগ্যতা:

সরকার অনুমোদিত যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো বিষয়ে স্নাতক (সম্মান/পাস কোর্স) অথবা সমমানের ডিগ্রিপ্ৰাপ্ত ছাত্র/ছাত্রী উক্ত প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। তবে কোনো পরীক্ষাতেই তৃতীয় শ্রেণি অথবা সিজিপিএ ৫-এর মধ্যে ২.৫০ অথবা ৪-এর মধ্যে ২.২৫-এর নিচে গ্রহণযোগ্য নয়।

জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য বিশ্ববিদ্যালয়ে কোনো শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী এ কোর্সে ভর্তি হতে পারবেন না। গণমাধ্যম/জনসংযোগ/বিজ্ঞাপনসংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরতদের অগ্রাধিকার। চাকরিরত প্রার্থীদের কর্তৃপক্ষের অনুমোদনসহ আবেদন করতে হবে।

২. আসন সংখ্যা: ৫০

৩. প্রাথমিক আবেদন ফি: ১০০০/-



বিস্তারিত জানতে স্ক্যান করুন

৪. আবেদন প্রক্রিয়া:

আগ্রহী প্রার্থীদের পিআইবি'র ওয়েবসাইট pib.gov.bd অথবা <https://url-shortener.me/E0TX> এই লিংক থেকে 'ভর্তির আবেদনপত্র' ডাউনলোড করে পূরণ করতে হবে। আবেদন ফি ১,০০০/- (এক হাজার টাকা) পিআইবি'র হিসাব শাখায় জমা দিতে হবে। 'ভর্তির আবেদনপত্র' পূরণ করে নিম্নে লিখিত কাগজপত্র ও আবেদনপত্র ফি জমা দেওয়ার রসিদসহ পিআইবি'র অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগের শিক্ষা শাখার দপ্তরে (২নং ভবনের ৪র্থ তলার ৪১০ নম্বর কক্ষ) জমা দিতে হবে। অথবা (education.pib@gmail.com) এই ঠিকানায় ই-মেইলে পাঠাতে হবে। ক. সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি খ. দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি

গ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি

ঘ. চাকরির অভিজ্ঞতা সনদ (প্রযোজ্যক্ষেত্রে)

৫. আবেদনপত্র গ্রহণ শুরু: ২৪ ফেব্রুয়ারি ২০২৬

৬. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ২০ এপ্রিল ২০২৬

৭. মোট কোর্স ফি: ৫৫,০০০ (পঞ্চাশ হাজার) টাকা

৮. ভর্তির সময় এককালীন প্রদেয়: ২০,০০০ (বিশ হাজার) টাকা

৯. ভর্তি পরীক্ষা: ২ মে ২০২৬

১০. ভর্তি পরীক্ষার ফল প্রকাশ: ৩ মে ২০২৬

১১. ক্লাস শুরুর তারিখ: ১৫ মে ২০২৬

সরকারি ছুটির দিন ছাড়া অন্যদিন সকাল ১০.০০টা থেকে বিকাল ০৩.০০টা পর্যন্ত আবেদনপত্র জমা দেওয়া যাবে।

ক্লাস: শুক্র ও শনিবার (সকাল ৯টা থেকে বিকাল ৪টা)

শিক্ষার্থীদের জন্য ডরমিটরির সুব্যবস্থা আছে

ফোন: ০২-৪১০৩২৯২০, ০১৭১৩-৪০১৯৪০

৩, সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।

<https://www.facebook.com/pib.gov.bd>

মহাপরিচালক ও অধ্যক্ষ

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

কলেজ কোড-৬৫৬৮

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)



pib.gov.bd